# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২১৮৯

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ কারো হিংসা করা হারাম

## আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَا يَجْتَمِعَانِ فِي جَوْفِ مُؤْمِنٍ غُبَارٌ فِي سَبِيلِ اللهِ وَفَيْحُ جَهَنَّمَ، وَلَا يَجْتَمِعَانِ فِي عَبْدٍ: الْإِيمَانُ وَالْحَسَدُ

## বাংলা

হিংসা হল, কোন ব্যক্তির কোন নিয়ামত (সম্পদ বা মঙ্গল) তা দ্বীনী হোক অথবা পার্থিব, তার ধ্বংস কামনা করা।

আল্লাহ তাআলা বলেন,

أَمْ يَحْسُدُوْنَ النَّاسَ عَلٰى مَا اٰتَاهُمُ اللهُ مِنْ فَضْلِهِ

অর্থাৎ, অথবা আল্লাহ নিজ অনুগ্রহে মানুষকে যা দিয়েছেন সে জন্য কি তারা তাদের হিংসা করে? (সূরা নিসা ৫৪)

---

(২১৮৯) আবূ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, কোন মুমিন বান্দার পেটে আল্লাহর রাস্তার ধুলো এবং জাহান্নামের অগ্নিশিখা একত্রে জমা হতে পারে না এবং কোন বান্দার পেটে ঈমান ও হিংসা একত্রে জমা হতে পারে না।

## ফুটনোট

(আহমাদ ২/৩৪০, ইবনে হিব্বান, বাইহাকীর শুআবুল ঈমান নাসাঈ ৩১০৯, হাকেম, সহীহুল জামে’ ৭৬২০, আল্লামা শুয়াইব আরনাঊত অত্র হাদীসটির সানাদকে হাসান সহীহ বলেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65937

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন